



নববর্ষকে বরণ করতে বর্ণিল শোভাযাত্রার আয়োজন করেন নর্থ সাউথ বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীরা
-বাংলাদেশ প্রতিদিন

নর্থ সাউথ বিশ্ববিদ্যালয়ে বৈশাখী মেলা

নিজস্ব প্রতিবেদক

বাংলা নববর্ষ উপলক্ষে নর্থ সাউথ ইউনিভার্সিটিতে এক বর্ণিল 'বৈশাখী মেলা-১৪৩৩' অনুষ্ঠিত হয়েছে। মঙ্গলবার বিশ্ববিদ্যালয় সংলগ্ন খেলার মাঠে এ মেলার আয়োজন করে ইউনিভার্সিটির সোশ্যাল সার্ভিসেস ক্লাব। বিপুল সংখ্যক শিক্ষার্থী, ফ্যাকাল্টি সদস্য এবং প্রশাসনিক কর্মকর্তাদের স্বতঃস্ফূর্ত অংশগ্রহণে মেলাটি হয়ে ওঠে এরপর পৃষ্ঠা ৬ কলাম ৬

নর্থ সাউথ বিশ্ববিদ্যালয়ে

[তৃতীয় পৃষ্ঠার পর] প্রাণবন্ত ও উৎসবমুখর। মেলায় ছিল বিশ্ববিদ্যালয়ের শিক্ষক, শিক্ষার্থী ও স্টাফদের নিজস্ব স্টল, যেখানে ছিল বাঙালির ঐতিহ্যবাহী খাবার, হস্তশিল্প এবং লোকজ সংস্কৃতির নানা উপকরণের সমাহার। এ ছাড়া বিশ্ববিদ্যালয়ের

প্রাসঙ্গজুড়ে ছিল বৈশাখের ঐতিহ্যবাহী বাহারি রঙের সাজসজ্জা, যা বৈশাখের চিরায়ত আবহকে ধারণ করে মেলাকে আকর্ষণীয় করে তোলে। মেলার মিডিয়া পার্টনার ছিল দেশের সর্বাধিক জনপ্রিয় দৈনিক বাংলাদেশ প্রতিদিন।